গাংনীতে ডিসি ইকোপার্কের দুটি দোকানে তালা ভেঙ্গে চুরি

গাংনীর ভাটপাড়া নীলকুঠি জেলা প্রশাসক (ডিসি) ইকোপার্কে দুটি দোকানের তালা ভেঙ্গে মালামাল চুরির ঘটনা ঘটেছে।গতকাল সোমবার রাতের কোন এক সময় চুরির ঘটনা ঘটে।

দোকান মালিক শফিকুল ইসলাম ও হেলাল উদ্দিন জানান, ইকো পার্কের দোকান ভাড়া নিয়ে ব্যবসা করেন। পার্কে লোকজন দর্শনার্থী না থাকায় ব্যবসাও অনেক মন্দা। তার পরেও দোকান খুলে বসে থাকি। সোমবার সন্ধায় দোকানে তালা লাগিয়ে আমরা বাড়ি চলে যায়। সকালে দোকানে গিয়ে দেখি আমাদের দুজনের দুটি দোকানের তালা ভেঙ্গে বিভিন্ন মালামাল ও নগদ টাকা চুরি হয়েছে। আমরা বিষয়টি গাংনী উপজেলা নির্বাহী অফিসারকে জানিয়েছি। ব্যবসায়ীরা আরও জানান, পার্কে চোরের উপদ্রব বেড়ে যাওয়ায় অনেকই ব্যবসা ছেড়ে দিয়েছে।

গাংনী থানার ওসি তাজুল ইসলাম জানান, চুরির বিষয়টি শুনেছি। ঘটনার তদন্ত করা হচ্ছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও পার্ক পরিচালনা কমিটির সভাপতি প্রীতম সাহা জানান, চুরির বিষয়টি আমাকে জানিয়েছে। বিষয়টি পুলিশকে দায়িত্ব দেয়া হয়েছে। চুরির সাথে জড়িতদের সনাত্ব করে আইনের আওতায় আনা হবে।

দর্শনায় তৈয়ব সংগঠনের কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দর্শনা কেরু এ্যান্ড কোম্পানীর শ্রমিক কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি তৈয়ব আলী সংগঠনের কর্মী সমাবেশ অনুষ্টিত হয়েছে।

আজ রবিবার সন্ধা ৬ টায় তৈয়ব সংগঠনের নিজস্ব কার্যালয়ে এ কর্মী সমাবেশ অনুষ্টিত হয়। উক্ত কর্মী সভায় আব্দুর রাজ্জাকের

সভাপতিত্বে, প্রধান অতিথী হিসাবে বক্তব্য রাখেন তিন বারের সাবেক সভাপতি তৈয়ব আলী।

এ সময় তিনি বলেন,আগামী ২৫ সালের নির্বাচন খুবুই গুরুত্বপূর্ণ। তাই শ্রমিক ভাইদের প্রতি আশা আগামী নির্বাচনে আপনারা ভুল পথে পা বাড়াবেন না। আমি শ্রমিকদের ন্যায্য অধিকার যা আছে সব ফিরিয়ে আনবো। তাই আপনাদের কাছে অনুরোধ আপনারা আমার ক্ষমতায় নিয়ে আসেন তারপর আপনার অধিকার ফিরিয়ে দেবো।আপনাদের বিবেক বৃদ্ধি দিয়ে আমাকে ক্ষমতায় নিয়ে আসেন। আপনাদের ভয়ের কোন কারন নেই আপনাদের সাথে আছি থাকবো।

এ সময় শ্রমিকদের মধ্যে আরও বক্তব্য রাখেন, নুরুল ইসলাম সুরুজ, ফারুক আহম্মেদ, সাইফুদ্দিন সুমন, জাহিদুল ইসলাম, আব্বাস আলী প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন মনিরুল ইসলাম ঝন্টু।

দর্শনা কেরুজ চিনিকলের ৫২ কার্য দিবসে আখ মাড়াই মৌসুম সম্পন্ন

৮৬ বছর বয়সী বুড়ো কেরুজ চিনিকলটি এবারের আখ মাড়াই মৌসুমে চমক সৃষ্টি করলো। অবিশ্বাস্য হলেও সত্য বয়সের ভারে ন্যুয়ে পড়ে খুড়িয়ে খুড়িয়ে চলা মিলটি চলতি আখ মাড়াই মৌসুমে ছোট খাটো যান্ত্রিক ত্রুটির কবলে পড়লেও।

অন্যান্য মাড়াই মৌসুমের তুলনায় এবারের মৌসুমে আখ মাড়াইয়ের গড়হারও তুলনামূলক বেশী। চিনি আহরণের গড়হার বৃদ্ধি না পেলেও চিনির গুনগত মান এবার বেশ ভালো।

মিলের ব্যবস্থাপনা পরিষদের দক্ষতা, শ্রমিক-কর্মচারীদের আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের ফসল বলেই মন্তব্য সুধী মহলের। ২০২৩ সালের ১৫ ডিসেম্বর কেরুজ চিনিকলের ২০২৩-২৪ আখ মাড়াই মৌসুমের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়।

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন থেকে লক্ষ্যমাত্রা অনুযায়ী সাড়ে ৬৫ হাজার মেট্রিকটন আখ মাড়াই করে ৬.২০ মেট্রিকটন চিনি উৎপাদন করবে কেরুজ চিনিকল।

কেরু চিনিকল সুত্রে জানা গেছে, এ মৌসুমে ৫২ কার্য দিবসে ৬ দশমিক ২০ শতাংশ চিনি আহরনের হার ধরে সাড়ে ৬৫ হাজার মেঃ টন আখ মাড়াই করে ৪ হাজার ৩০ মেঃ টন চিনি উৎপাদনের লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে। যার বিপরীতে মিলজোন এলাকায় ৩ হাজার ৮ শ ২ একর জমিতে আখ করেছে।

এ বিষয়ে কেরু এন্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন মেহেরপুর প্রতিদিনকে বলেন, আজ রাত ১২ টার দিকে মিলটি বন্ধ হচ্ছে। তবে আগামীতে মিলটি আরও বেশিদিন চলবে বলে তিনি জানান।

শারীরিক প্রতিবন্ধী ব্যবসায়ীকে বেতনের টাকা তুলে দিলেন–এসিল্যান্ড

অসহায় প্রতিবন্ধী পেয়ারা ব্যবসায়ী পিন্টু মিয়া তার ব্যবসার মুলধন চুরি হওয়ায় যখন দিশেহারা, তখন নিজের বেতনের টাকা তুলে দিয়ে মানবিকতার এক বিশুদ্ধ উদাহরণ সৃষ্টি করলেন মেহেরপুর সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম। শুধু এই অসহায় ব্যবসায়ীর পাশে দাঁড়ানোই নয়, চোরকে ধরতে সব ধরনের প্রচেষ্টা করারও আশ্বাস দেন তিনি।

মেহেরপুর জেলার গাংনী উপজেলার গোপালনগর গ্রামের রাস্তাপাড়া এলাকার তগাই মিয়ার ছেলে শারীরিক প্রতিবন্ধী পিন্টু মিয়া। ভিক্ষার ঝুলি নয়, জীবিকা নির্বাহ করেন ছোট্ট ব্যবসা করে। গ্রাম এলাকা থেকে পেয়ারা সংগ্রহ করে প্রায় ২৫ কিলোমিটার পথ পাড়ি দিয়ে ভ্যানযোগে বিক্রি করতে যান মেহেরপুর জেলা শহরে।

জেলা জজকোর্ট এলাকায় প্রতিদিন পেয়ারা বিক্রি করেই তার পাঁচ

সদস্যের পরিবারের জীবিকা নির্বাহ করতে হয়।

গত শুক্রবার পিন্টু মিয়ার সারাদিনের পেয়ার বিক্রির পাঁচ হাজার টাকা কৌশলে চুরি করে নেই চোর। এতে দিশাহারা হয়ে পড়েন পিন্টু মিয়া। প্রতিবন্ধী ব্যবসায়ী পিন্টু মিয়ার টাকা চুরির ঘটনায় অনেকে আফসোস করলেও কেউ এগিয়ে আসেননি তার সহযোগিতায়।

আজ রবিবার বিকালে অফিস শেষে ফিরার সময় অফিসের এক সহকারীর মুখে ঘটনা শুনে ছুটে যান সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম।

ঘটনা শুনে নিজের বেতনের টাকা প্রতিবন্ধী পিন্টু মিয়ার হাতে তুলে দেন তিনি। পুলিশের সহযোগিতা নিয়ে চোরকে চিহ্নিত করে আইনের আওতায় আনারও আশ্বাস দেন সরকারের এই কর্মকর্তা।

অসহায় প্রতিবন্ধী পিন্টু মিয়া জানান, আমি আমার স্ত্রী এবং তিন ছেলে নিয়ে পাঁচ জনের সংসার চলে এই ছোট্ট ব্যবসার উপর। এলাকার প্রত্যন্ত গ্রাম থেকে পেয়ারা কিনে নিজেই ভ্যান চালিয়ে শহরে বিক্রি করতে আসি। গত শুক্রবার সারাদিনের বিক্রি করা ৫ হাজার টাকা চুরি করে নেই চোর। ব্যবসার মুলধন চুরি হওয়ায় আমি দিশেহারা হয়ে পড়েছি। গত দুইদিন এলাকা থেকে পেয়ারা বাকিতে কিনে এনে বিক্রি করছিলাম। পেট তো থেমে থাকেনা। আমার আয়ের উপর পাঁচটি মুখ চেয়ে থাকে। এসিল্যান্ডের টাকা পেয়ে খুশি পিন্টু মিয়া। এই টাকা দিয়ে আবারও ভালো করে ব্যবসা করতে পারবেন বলে জানান তিনি।

সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম বলেন, আমার অফিসের এক সহকারীর মুখে থেকে ঘটনা শুনে তার কাছে আসি। সব শুনে তার ব্যবসার জন্য বেতনের কিছু টাকা দিয়ে তার পাশে দাঁড়ানোর চেষ্টা করেছি। তিনি আরও বলেন, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওসি) সাথে কথা বলে চোর সনাক্ত ও আইনের আওতায় আনার চেষ্টা করবো।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া বলেন, ঘটনাটি আমি শুনেছি। চোরকে সনাক্ত করে তাকে আইনের আওতায় আনা হবে।

উল্লেখ্য, সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম এসিল্যান্ড হিসেবে যোগদানের পর সরকারি দায়িত্ব পালনের পাশাপাশি সামাজিক সচেতনতা বাড়ানোর কিছু গুরুত্বপূর্ণ কাজ করে যাচ্ছেন। ইতোমধ্যে মেহেরপুর শহরের পৌরসভার সামনে ওভারলোডেট লাটাহাম্বার

চাকায় স্পৃষ্ট হয়ে একজন নিহত হওয়ার পরপরই স্ব উদ্যোগে শহরে এসব অবৈধ গাড়ি নিয়ন্ত্রণে অভিযান ও রাস্তার পাশে অবৈধভাবে বালির স্তুপ রেখে জনভোগান্তি সৃষ্টির জন্য অভিযান শুরু করেছেন। কিছুদিনের মধ্যেই মেহেরপুর শহরের পরিস্কার করবেন বলে জানান তিনি।

ঝিনাইদহের বাজারে ভেজাল খেজুর গুড়ে সয়লাব

শীতের মৌসুমে খেজুর রসের গুড়, পাটালি দিয়ে পিঠা পায়েস খাওয়া ভোজনরসিক বাঙালির অভ্যাস বহু পুরাতন।

এছাড়া শীত মৌসুমে কাঁচা খেজুর রসের মজাই আলাদ, আর তা দিয়ে তৈরি হয় পায়েস, ভিজানো পিঠাসহ বিভিন্ন প্রকার সুস্বাদু খাবার। আর সেই সুযোগেই কিছু অসাধু গুড় ব্যাবসায়ীরা ঝিনাইদহ জুড়ে শুরু করেছে চিনি, রং, সোডা আর ক্ষতিকর কেমিক্যাল মিশিয়ে গুড়, পাটালি তৈরির কাজ। ঝিনাইদহ জুড়ে এখন এ সব ভেজাল গুড়,পালটালির ছড়াছড়ি।

অস্বাস্থ্যকর পরিবেশে কেমিক্যাল দিয়ে গুড় তৈরি করে ছড়িয়ে দেওয়া হচ্ছে শহর ও গ্রামীণ হাটবাজারে। অনুসন্ধানে জানাযায়, শীত মৌসুম টার্গেট করে রাজশাহী জেলা থেকে আসা একটি চক্র ঝিনাইদহ জুড়ে ছড়িয়ে পড়ে খেজুর গাছ কেঁটে রস সংগ্রহ করার জন্য। অধিক লাভের আশায় মূলত তাঁরা রস জ্বালিয়ে গুড়ের পরিমাণ বৃদ্ধির জন্য চিনি ও রং দিয়ে তৈরি করে এসব খেজুরের গুড়।

সরজমিনে গিয়ে দেখা যায়, শৈলকূপা উপজেলার সাপখোলা, রইড়া, আশুরহাট, সদর উপজেলার নরহরিদ্রাবাজার গোপালপুর, কোঁটচাদপুর উপজেলার ছাবদালপুর, বুলহর এলাকায় একাধিক ভেজাল গুড়ের কারখানা গড়ে উঠেছে। সেখানে হরহামেশাই গুড়ের মধ্যে মেশানো হচ্ছে এসব কেমিক্যাল যা স্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর।

ভেজাল গুড়ের বিষয়ে ঝিনাইদহ সদর হাসপাতালের সুপার ডাঃ সৈয়দ রেজাউল ইসলাম জানান, কেমিক্যাল মেশানো সকল খাবারই স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। আর খেজুর গুড়ের মধ্যে রং মেশালে সেই গুড় খেলে

স্বাস্থ্যের মারাত্মক ক্ষতি হতে পারে, নানা রোগের জীবাণু এমনকি ক্যান্সারও হতে পারে।

ভেজাল গুড়ের ব্যাপারে ঝিনাইদহ জেলা ভোক্তা অধিকারের সহকারী পরিচালক নিশাদ মেহের জানান, খাবারে ভেজাল দিলে তাঁর বিরুদ্ধে কঠোর ব্যাবস্থা নেওয়া হবে। আর খেজুর গুড়ের ভেজালের কথা আমরা কমবেশি শুনতে পায় খোঁজখবর নিয়ে দ্রুতই অভিযান পরিচালনা করা হবে।

মেহেরপুরে এম আর ফ্যাশনের শুভ উদ্বোধন

মেহেরপুরের বড়বাজার গার্লস স্কুলের দক্ষিণ পার্শে গুলশানা আরা কমপ্লেক্সে এম আর ফ্যাশনের শুভ উদ্বোধন হয়েছে।

আজ শনিবার (৩ ফেব্রুয়ারি) বিকেল ৫ টার সময় মেহেরপুরের বড়বাজার গার্লস স্কুলের দক্ষিণ পার্শে গুলশানা আরা কমপ্লেক্সে এ ফ্যাশনের শুভ উদ্বোধন হয়।

এম আর ফ্যাশনের প্রোপ্রাইটর মো: মজনু রশিদ (লিটন) সঞ্চালনায় উপস্থিত ছিলেন মেহেরপুর ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, মেহেরপুর গড়পাড়া জামে মসজিদের সভাপতি আহসানুল হক, বড়বাজার ব্যবসায়ী সমিতির সদস্য সজল আহম্মেদ, টিটু, রহমতাল্লাহ, বুলবুল প্রমুখ।

এ সময় দোয়া পরিচালনা করেন গড়পাড়া জামে মসজিদের ইমাম আব্দুল হান্নান।

প্রোপ্রাইটর মো: মজনু রশিদ (লিটন) বলেন আমার এখানে পুরুষ, মহিলা ও বাচ্চাদের সকল প্রকার দেশী-বিদেশী পোষাক সুলভ মূল্যে পাওয়া যাবে।

দেশে যে চাউল আছে তাতে আমদানী করার প্রয়োজন নেই – খাদ্যমন্ত্রী

দেশে যে চাউল আছে তাতে আমদানী করার প্রয়োজন নেই। যেন চাউলের বাজার নিয়ে ম্যাসাকার না হয়ে যায় সেজন্য বেসরকারি ভাবে চাউল আমদানীতে ট্যাক্স ফ্রি করা হচ্ছে বলে জানিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার।

আজ বৃহস্পতিবার (১ফেব্রুয়ারি) সন্ধ্যায় ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চালকল মালিকদের সাথে মতিবিনিময় শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

চাউলের বাজারের অস্থিরতা নিয়ে মন্ত্রী ব্যবসায়ীদের লোভ লালসা সুযোগকে দায়ী করে বলেন আমরা মোবাইল কোর্ট করে কাউকে অপমানিত করতে চাই না। যদি কেউ বাধ্য করে তাহলে তো করতেই হয়।

বিকেলে জেলা প্রশাসক এস. এম রফিকুল ইসলামের সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চালকল মালিকদের সাথে মতিবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন খাদ্যমন্ত্রী স্বাধন চন্দ্র মজুমদার।

সেসময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই, জেলা পুলিশ সুপার আজিম-উল-আহসান, সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরীসহ জেলা উপজেলা প্রশাসনের কর্মকর্তা, জেলা চালকল মালিক ও সাংবাদিকবৃন্দ।

ঝিনাইদহে হোমবেইজড গার্মেন্টসের উদ্যোগে উদ্যোক্তা মেলা

ঝিনাইদহে দিনব্যাপী অনুষ্ঠিত হয়েছে হোমবেইজড গার্মেন্টস নারী শ্রমিকদের তৈরী পণ্য নিয়ে উদ্যোক্তা মেলা।

আজ বৃহস্পতিবার সকাল থেকে বিকাল পর্যন্ত সদর উপজেলার পাগলাকানাই ইউনিয়নের কোরাপাড়া গ্রামে এ উদ্যোক্তা মেলা অনুষ্ঠিত হয়।

অক্সফ্যাম ইন বাংলাদেশ এর সহায়তায় ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর আয়োজনে ‘সমৃদ্ধি’ প্রকল্পের অধিনে এ মেলা হয়। দিনব্যাপী এই উদ্যেক্তা মেলায় পাগলাকানাই ইউনিয়নের বিভিন্ন গ্রামের ২২০ জন নারী তাদের উৎপাদিত পণ্য নিয়ে স্টল প্রদর্শন করেন। স্কুল ড্রেস, ফতুয়া, ফ্রক, টেপ, ব্লাউজ, মেক্সিসহ অন্তত ২০ প্রকার পণ্য প্রদর্শিত হয় উদ্যোক্তা মেলায়। যা দেখতে ভীড় করে ওই এলাকার শতাধিক নারী ও পুরুষ। প্রধান অতিথি হিসেবে মেলার শুভ উদ্বোধন করেন ঝিনাইদহ সদর উপজেলার মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত।

এছাড়া বিশেষ অতিথী হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা অফিসার আব্দুল হাই সিদ্দিক, বিশিষ্ট সমাজসেবক আমিনুর রহমান টুকু, ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর পরিচালক শরিফা খাতুন, সরকারি নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ এন.এম.শাহাজালাল।

আলোচকগণ হোমবেইজড গার্মেন্টস নারী শ্রমিকদের নিরাপদ জীবন বির্নিমানে ব্যক্তি. সমাজ ও রাষ্ট্রের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে দায়িত্ব পালনের প্রতি জোর দাবী জানান। তাদের অধিকার প্রতিষ্ঠায় নিজ নিজ অবস্থান থেকে ভুমিকা রাখার প্রতি গুরুত্ব আরোপ করেন। এই ধরণের মেলা বেশী বেশী হওয়া দরকার বলে মেলায় অংশগ্রহনকারীরা মনে করেন।

আলমডাঙ্গায় ট্রাক্টর চালক ও মালিকদের উপজেলা চত্বরে অবস্থান

আলমডাঙ্গায় অবৈধ ভাবে মাটি কেটে ট্রাক্টরে বহন করে ইটভাটায় বিক্রির দায়ে দুই ট্রাক্টর মালিককে জরিমানা করার দুইদিন পর উপজেলার বেশকিছু ট্রাক্টর মালিকসহ চালকরা উপজেলা পরিষদের সামনে অবস্থান নিয়ে অবৈধ দাবী করেন।

আজ বুধবার দুপুর ৩ টার দিকে ১২/১৪ টা ট্রাক্টর চালক ও মালিকেরা ট্রাক্টর নিয়ে উপজেলা প্রাঙ্গণে অবস্থান নিয়ে ভ্রাম্যমাণ আদালতের অভিযানকালে ট্রাক্টর ভাংচুর বন্ধ ও জরিমানার বিষয়টি বিবেচনার দাবী জানান।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের কেদারনগর গ্রামে অবৈধভাবে মাটি কেটে ইটভাটায় বিক্রয়ের অভিযোগ ওঠে। এমন অভিযোগের ভিত্তিতে গত ২৯ জানুয়ারি সোমবার) বিকেলে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) অভিযান পরিচালনা করেন।

এসময় অবৈধভাবে মাটি কেটে ইটভাটায় বহণের অভিযোগে দুই ট্রাক্টর চালককে ১৫ হাজার টাকা করে ৩০ হাজার টাকা জরিমানা করেন।

এদিকে, গত সোমবার দুপুরে দুই ট্রাক্টরে জরিমানা করায় ক্ষিপ্ত হয়ে আজ বুধবার ওই মাটি পরিবহণে নিয়োজিত আরও কয়েকটি ট্রাক্টর ড্রাইভার ও মালিকেরা উপজেলা চত্বরে অবস্থান নেন। তারা দাবী করেন যারা প্রকৃত পক্ষে মাটি কাটছে তাদের যেনো ধরা হয়। গরীব মানুষের গাড়ি গুলো না ভাঙ্গার জন্য দাবী করেন তারা

এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার স্নিদ্ধা দাস বলেন,তাদের কে বলা হয়েছে মোবাইল কোর্ট হলে গাড়ি রেখে পালিয়ে যাওয়া, মোবাইল কোর্টকে দীর্ঘক্ষণ ওয়েট করানো। দুই তিন ঘন্টা লোক খুঁজে পাওয়া যায় না। এগুলো করা যাবে না। যদি হয় তাহলে আমরা আইনানুগ ভাবে আরও কঠোর হবো। আইনের বাইরে যাওয়ার কারো সুযোগ নেই।

দর্শনায় ভোক্তা অধিকারের অভিযান দুই প্রতিষ্টানকে জরিমানা

দর্শনায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর অভিযান চালিয়ে দুই প্রতিষ্টানের জরিমানা আদায় করেছে।

জানাযায় বুধবার (৩১ জানুয়ারি) দুপুর সাড়ে ১২ টার দিকে দর্শনা রেল বাজারে ভোক্তা অধিকারের চুয়াডাঙ্গার সহকারি পরিচালক সজল আহমেদ অভিযান চালায় মেসার্স সাদিয়া কসমেটিকস দোকানে।

এ সময় মেসার্স সাদিয়া কসমেটিক্স এ ভেজাল পণ্য বিক্রি করার অপরাধে দোকান মালিক আনিসুজ্জামানকে ২ হাজার টাকা জরিমানা আদায় করে। পরে দর্শনা আজমপুর গ্রামস্থ মেসার্স মামা ফুড প্রোডাক্টস (চানাচুর ফ্যাক্টরিতে অভিযান চালায়। অভিযান চালিয়ে মেসার্স মামা ফুড প্রোডাক্টস/ চানাচুরের ফ্যাক্টরিতে খাদ্যের সহিত নিষিদ্ধ রং মেশানো এবং অস্বাস্থ্যকর বা নোংরা পরিবেশ থাকার কারণে ফ্যাক্টরির মালিক মোঃ মামুনুর রশিদকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪২ ধারা মোতাবেক ২০হাজার টাকা জরিমানা করে।

এ অভিযানে দর্শনা থানা পুলিশের একটি চৌকস টিম অংশ নেয়।